মেহেরপুরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিশেষ বর্ধিত সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার ১০ আগষ্ট বিকালে মেহেরপুর পৌর কমিটি সেন্টারে মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

বর্ধিত সভার সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সঞ্চালনায় এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল সামাদ বাবলু বিশ্বাস, আব্দুল হালিম বিশ্বাস, সিরাজুল ইসলাম মাস্টার,আব্দুল মান্নান, এড. ইয়ারুল ইসলাম, শহিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক এড. ইব্রাহিম শাহিন, রেজাউল হক মাস্টার, আইন বিষয়ক সম্পাদক এড. পল্লব ভট্টাচার্য, তথ্য গবেষণা বিষয়ক সম্পাদক এড. কাজী শহিদুল হক,নদপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগমসহ জেলা আওয়ামী লীগের থানা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের মটরসাইকেল শোডাউন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আজ বুধবার বিকালে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আরিফুর ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র নেতৃত্বে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ প্রায় তিন শত মটর সাইকেলের এক বিশাল শোডাউন করেছে।

”শেখ হাসিনার সালাম নিন নৌকা মার্কায় ভোট দিন” এ শ্লোগান দিয়ে স্থানীয় সাংসদ হাজী আলী আজগার টগর এমপির পক্ষে এই মটর সাইকেলের বহর চিৎলা থেকে বের হয়ে উপজেলাব্যাপী প্রদক্ষিন করে।

উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রিংকু বলেন, আসন্ন নির্বাচনে নৌকা প্রতীকের জয় নিশ্চিত করতে এমপি টগর এর নির্দেশে উপজেলা ব্যাপী মটরসাইকেল শোডাউনের করা হয়। আজ বুধবার বিকালে উপজেলার দামুড়হুদা, হাউলী, দর্শনা,কুড়ালগাছি,কার্পাসডাঙ্গা ইউনিয়নের বিভিন্ন জায়গার নেতাকর্মীরা মটর সাইকেল নিয়ে জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে নৌকার পক্ষে ভোট চান নেতা কর্মীরা।

সবার হাতে নৌকা সম্বলিত প্লাকার্ড, বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সহ তাতে লেখা নৌকা মার্কায় ভোট দিন। এই শোডাউনে প্রায় ৬ শতাধিক ছাত্রলীগ নেতা কর্মী অংশ নেন। প্রায় তিন শত মটর সাইকেল শোডাউনের নেতৃত্ব দেন উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

এ সময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক রাসেল আহাম্মেদ,যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম। নাটুদা ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি লিমন খান, ছাত্রলীগ নেতা ছালিম হোসেন, তারিকুল, সুলতান, মিফতাহ, হেকমত, শফিকুল, মফিজুল, ছাত্রলীগ নেতা রায়হান, সুলতান, শাহিন, শিমুল, সাজ্জাদ, শেখ রাসেল, সুমন, লিংকন, লিজন, রাজ্জাক, আল মামুন, ছাইদুর, নাইমুর, সাগর প্রমুখ।

কুষ্টিয়ায় জাসদ নেতার বাড়ি-দোকানে আ.লীগের কর্মীদের হামলা-অগ্নিসংযোগ

কুষ্টিয়ার ভেড়ামারায় পৌর স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক সঞ্জয় প্রামাণিকের মৃত্যুর ঘটনায় অভিযুক্ত জাসদ নেতাকর্মী ও সমর্থকদের বাড়িতে হামলা, অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। দিনভর তাণ্ডব চালিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

বুধবার (৯ আগস্ট) সকাল সাড়ে ৭টায় দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের শল্যচিকিৎসা বিভাগের কর্তব্যরত চিকিৎসক সঞ্জয় প্রামাণিকের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

এই সংবাদ ছড়িয়ে পড়লে এলাকায় চরম উত্তেজনা দেখা দেয়। বুধবার সকাল থেকে ভেড়ামারা বাজারের সব দোকানপাট বন্ধ করে দেয় যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা।

বিক্ষুব্ধ আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা জাসদ সমর্থকদের বাড়িঘর ও দোকানপাটে অগ্নিসংযোগ, ভাঙচুর ও লুটপাটসহ ব্যাপক তাণ্ডব চালায়।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লাঠিচার্জ করে পুলিশ। এ সময় বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের ধাওয়া -পাল্টাধাওয়ার ঘটনাও ঘটে। এ ঘটনায় ৪ পুলিশ সদস্যসহ বিভিন্ন স্পটে আহত হয়েছেন অর্ধ শতাধিক।

বুধবার এসব তথ্য নিশ্চিত করেছেন ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম।

তিনি বলেন, ‘পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে। পুলিশ সতর্কতার সঙ্গে কাজ করছে। আইন শৃঙ্খলা বজায় রাখতে ভেড়ামারাতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ঘটনায় দায়ের করা মামলায় এজাহারনামীয় প্রধান আসামি শোভনসহ ৫জনকে ঘটনার দিনগত রাতেই গ্রেপ্তার করেছে পুলিশ। আজকের অগ্নিকাণ্ডে ঘটনায় এখনও কেউ অভিযোগ নিয়ে আসেনি। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। ’

স্বেচ্ছাসেবক লীগ নেতার মৃত্যুর ঘটনায় হামলার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার ও কঠোর শাস্তির দাবিতে কুষ্টিয়া-দৌলতপুর আঞ্চলিক সড়কে টায়ারে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করছেন আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

এদিকে ভেড়ামারা ফায়ার সার্ভিস স্টেশন ইনচার্জ শরিফুল ইসলাম জানিয়েছেন, সকাল পৌনে ১১টায় শুরু হয়ে বেলা ৪টা পর্যন্ত আগুন নিয়ন্ত্রণ ও উদ্ধার তৎপরতা চলছে।

তিনি বলেন, শুরু থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত মোট ৪টি বাড়িতে এবং একটি ব্যবসাপ্রতিষ্ঠানে আগুন নিয়ন্ত্রণে কাজ করেছেন ফায়ার সার্ভিসের কর্মীরা। বাড়িগুলিতে সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। ঘটনার সময় বিভিন্ন স্পট থেকে ৫ জনকে গুরুতর আহতাবস্থায় উদ্ধার করে

হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে এ মুহূর্তে ক্ষয়ক্ষতির প্রকৃত তথ্য বলা যাচ্ছে না।

উল্লেখ্য, স্থানীয় একটি মন্দিরের কমিটি গঠন নিয়ে সৃষ্ট দ্বন্দ্বের জেরে বুধবার (২ আগস্ট) রাত সাড়ে ১১টার দিকে ভেড়ামারা শহরের গোডাউন মোড় এলাকায় পৌর স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক সঞ্জয় প্রামাণিকের ওপর হামলা চালানো হয়।

এ সময় হামলাকারীদের ধারালো অস্ত্রের আগাতে মাথায় জখম হয় সঞ্জয়ের। হামলায় সঞ্জয়ের সঙ্গে থাকা বেলাল ও শ্যামল নামে আরও দুই স্বেচ্ছাসেবক লীগ কর্মী আহত হন।

জাসদ যুবজোটের জেলা ক্রীড়াবিষয়ক সম্পাদক মুস্তাফিজুর রহমান শোভনের নেতৃত্বে ২৫/৩০ জন মিলে এ হামলা করে বলে অভিযোগ।

গত ২ আগস্ট (বুধবার) রাতে সঞ্জয়ের ওপর হামলা ও গুলির ঘটনায় জড়িত অভিযোগ এনে তার স্ত্রী বিথী রানী বাদী হয়ে জাসদ যুবজোট নেতা মুস্তাফিজুর রহমান শোভনসহ ১৪ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতপরিচয় আরও ১০/১২ জনকে আসামি করে ভেড়ামারা থানায় মামলা করেন।

এর দুদিন পর (৪ আগস্ট) দুপুরে ২৫০ শয্যাবিশিষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে উন্নত চিকিৎসার জন্য সঞ্জয়কে ঢাকায় নিয়ে যায় তার পরিবার। সেখানেই তার মৃত্যু হয়।

গাংনীতে ছাত্রলীগে বিক্ষোভ মিছিল

জামায়াত বিএনপির আগুন সন্ত্রাসের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে বাংলাদেশ ছাত্রলীগ গাংনী উপজেলা শাখা।

আজ বুধবার (৯ আগষ্ট) বিকাল পাঁচটার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ধরে একই স্থানে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, আওয়ামী লীগ নেতা নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোহান, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে নৌকার বিজয় পেতে উপজেলা আওয়ামীলীগকে ঐক্যবদ্ধতার সাথে কাজ করতে হবে-মোখলেছুর রহমান মুকুল

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতিয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের দলীয় কার্যালয়ের সামনে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়। উপজেলা আওয়ামীলীগ আয়োজিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টা সদস্য হাজি মোঃ ইছারুদ্দীন।

প্রস্তুতিমুলক সভায় প্রধান অতিথির বক্তব্যে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেসুর রহমান মুকুল বলেন, গাংনীতে আবারও নৌকার বিজয় ছিনিয়ে আনতে উপজেলা আওয়ামীলীগকে ঐক্যবতার সাথে কাজ করতে হবে। উপজেলা আওয়ামীলীগের নেতাকর্মী ও সমর্থকরা যে যেখানেই থাকুকনা কেন নির্বাচনের সময় সকলেই বঙ্গবন্ধুর হাতে গড়া সংগঠন বাংলাদেশ আওয়ামীলীগের সাথে ঐক্যবদ্ধ হয়ে কাজ করবে। আওয়ামীলীগের নেতাকর্মীরা শেখহাসিনার সৈনিক। তারা জাতে মাতাল তালে ঠিক। যে যেমন মানুষ বাংলাদেশ আওয়ামীলী তাকে সেই মুল্যায়ন করে বলেই

তরুনদের কাছে জনপ্রিয় প্রার্থী ইমন

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসন থেকে বিভিন্ন দলের সম্ভাব্য প্রার্থীরা বিভিন্নভাবে জানান দিয়ে ইতোমধ্যে নির্বাচনী মাঠে নামার প্রস্তুতি নিতে শুরু করেছেন।

তবে বিভিন্ন মহল থেকে পাওয়া তথ্যে জানা গেছে, সংসদ সদস্য নির্বাচনে মেহেরপুর-১ আসনের জন্য আওয়ামী লীগে থাকতে পারে নতুন চমক। এমন দাবি ক্রমেই প্রবল হয়ে উঠছে স্থানীয় নেতাকর্মীর মাঝে। তবে বৃহৎ দু’দলের ভোটের সমীকরণ যাই হোক না কেন, নতুন প্রার্থীদের আগমনী বার্তায় কিছুটা বিমর্ষ পুরাতন প্রার্থীরা।

মেহেরপুর-১ আসনে বিগত রাজনৈতিক বিশ্লেষণে দেখা যায়, ১৯৭৯ থেকে ২০১৮ পর্যন্ত বিভিন্ন জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ও বিএনপি থেকেই সংসদ সদস্যরা নির্বাচিত হয়ে আসছেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দল এখন চরম পর্যায় পৌঁছেছে। সম্প্রতি জেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা হয়েছে। এর পর থেকে জেলা আওয়ামী লীগের কোন্দলের মাত্রা আরও এক ধাপ এগিয়ে যায়। আওয়ামী লীগের সহযোগী সংগঠনগুলোর মধ্যেও বিবাদ এখন তুঙ্গে।

জেলা আওয়ামীলীগ এখন দুটি ধারায় বিভক্ত হয়ে পড়েছে। এদের মধ্যে জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন এবং সদর উপজেলা কমিটির সভাপতি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক মোমিন উদ্দীন রয়েছে জেলা আওয়ামীলীগের সভাপতি ও জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের গ্রপে। বাকী সকল নেতা কর্মী এক ছাদের নিচে।

তবে, মাঠে বেশ মজবুতভাবেই সক্রিয় রয়েছেন বর্তমান জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক ও বাংলাদেশ ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রনেতা এমএএস ইমন। ইতোমধ্যে

বাস্তবায়ন করা এবং মেহেরপুর কৃষি প্রধান জেলা হওয়ায় জেলাতে একটি আন্তর্জাতিক মানের কৃষি গবেষণাকেন্দ্র প্রতিষ্ঠা করে কৃষি উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা।

আলমডাঙ্গার বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের নেতৃবৃন্দের সাথে চেয়ারম্যানের মতবিনিময়

আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলামের সাথে বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেল সাড়ে ৪ টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় চেয়ারম্যান নজরুল ইসলাম বলেন, সবাইকে ঐক্যবদ্ধভাবে দলের জন্য কাজ করতে হবে। আমাদদের নিজেদের মধ্যে কোন ভুল বোঝাবুঝি থাকলে তা নিরসন করে সবাই এক সাথে কাজ করার মানসিকতা তৈরী করতে হবে। আগামী দিন আবারও নৌকাকে বিজয়ী করে জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জামজামি ইউনিয়ন, আওয়ামীলীগ নেতা রিপন শাহ, ১ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আলি আকবার কয়েল ও সাধারণ সম্পাদক ইছাহক আলি, ২ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক রইচ মোল্লা, ৩ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইজাল উদ্দিন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হামেদ আলি, ৫ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৭ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মাসুদ হোসেন, সাধারণ সম্পাদক রিয়াজুল হক, ৮ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আরোজ আলি ও সাধারণ সম্পাদক নুর ইসলাম, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি লাল্টু রহমান ও সাধারণ সম্পাদক আতিয়ার রহমান প্রমুখ।

মেহেরপুরের আমদহে আ.লীগ নেতা মান্নানের গণসংযোগ

আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থী হিসেবে মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে গণসংযোগ করেছেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় তিনি দলীয় নেতাকর্মীদেও নিয়ে এ গণসংযোগ করেন। এসময় তিনি আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কুশল বিনিময় করেন। গনসংযোগকালে শ্রমিক লীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল উপস্থিত ছিলেন।

গাংনীর বিভিন্ন গ্রামে এম এ খালেকের গণসংযোগ

বর্তমান আওয়ামীলীগ সরকারের উন্নয়ন,অগ্রগতি, দেশ পরিচালনায় দক্ষতা ও সাফল্য এবং স্মার্ট বাংলাদেশ গঠনে জনসম্পৃক্ততা বৃদ্ধিতে গণসংযোগ করেছেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

বুধবার বিকেলে বিভিন্ন এলাকার তৃণমূল আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে নিয়ে গণসংযোগ করেন। গণসংযোগের সময় সঙ্গী হিসেবে উপস্থিত ছিলে গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, স্বেচ্ছাসেবক লীগের আশিকুজ্জামান পিন্টুসহ অনেকে।

এমএ খালেক প্রথমে গাংনী উপজেলার ভাটপাড়া বাজার, নওপাড়া বাজার ও পরে সাহারবাটী বাজারের জনগুরুত্বপূর্ণ বিভিন্ন জায়গায় জনসংযোগ

করেন। ওই সকল জায়গার বিভিন্ন মোড়ে মোড়ে চায়ের দোকানসহ বিভিন্ন দোকানে গিয়ে সরকারের সাফল্য তুলে ধরেন।

এসময় এমএ খালেক বলেন, বর্তমান সরকার জনগনের সকল চাহিদা পুরুন করে প্রসংশিত হয়েছে। গৃহহীন পরিবারকে করে দিয়েছেন পাকা বাড়ি, ভুমিহীনকে দিয়েছেন মাথা গোজার ঠাঁই। যা কোন সরকারের আমলেই সম্ভব হয়নি। বড়বড় প্রকল্প বাস্তবায়ন করে দেশকে পৌঁছে দিয়েছে উন্নয়নের শিখরে। লাখোলাখো অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে বহিঃবিশ্বে মানবতার মা হিসেবে খ্যাতি পেয়েছে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা। নিম্ন আয়ের বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরিত করার প্রত্যয়ে কাজ করে চলেছে। বড়বড় মেগা প্রকল্প বাস্তবায়ন করে সকল শ্রেনী পেশার মানুষের মাঝে জায়গা করে নিয়েছে৷ আওয়ামিলীগ সরকার। এসকল উন্নয়ন অগ্রগতি অব্যাহত রাখতে হলে আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারো বাংলাদেশ আওয়ামী লীগকে ক্ষমতায় আনতে নৌকা মার্কায় ভোট দিতে হবে। আবারো নৌকাকে বিজয়ী করতে তৃণমূলের নেতাকর্মীদের একযোগে কাজ করার আহবান জানান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক। সরকারের সাফল্য তুলে ধরতে জেলার গ্রামে গ্রামে গণসংযোগ অব্যাহত রাখবেন বলে জানান তিনি।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে বুধবার বিকাল ৫ ঘটিকার সময় দলীয় নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ন সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস,